গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)
www.sylhet.gov.bd

## আইসিটি বিষয়ক কমিটির ডিসেম্বর, ২০১৭ মাসের সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২৪ ডিসেম্বর, ২০১৭
সময় : বিকাল ৩.৩০ মিনিট
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সিলেট।
সভাপতি : জনাব মোঃ রাহাত আনোয়ার, জেলা প্রশাসক, সিলেট

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-"ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর জেলা আইসিটি কমিটির সভার নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্তসমুহ সর্বসম্মতিতে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ই-ফাইলিং (নথি) বাস্তবায়ন | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, নভেম্বর, ২০১৭ মাসে জেলা ই-সেবা কেন্দ্র থেকে নথি সিস্টেমের মাধ্যমে ১,৬৯৩ টি ডাক গ্রহণ করা হয়েছে এবং ১,৪১৬ টি ডাক নিষ্পত্তি করা হয়েছে। নভেম্বর, ২০১৭ মাসে মোট পত্রজারীর সংখ্যা ২৬৩ টি।<br><br>সহকারী কমিশনার (আইসিটি) জানান, নভেম্বর, ২০১৭ মাসে কেবল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দক্ষিণ সুরমা ১৪৫ টি ডাক গ্রহণ করেছে এবং ১৪৫ টি ডাক নিষ্পত্তি করেছে। অক্টোবর, ২০১৭ মাসে মোট পত্রজারীর সংখ্যা- ২০ টি। তিনি আরো জানান, নথি ড্যাসবোর্ড পর্যালোচনায় দেখা যায়, সিলেট জেলাধীন দক্ষিণ সুরমা উপজেলা ব্যতিত বাকি উপজেলাসমূহের ই-ফাইলিং এর মাধ্যমে নথি কার্যক্রম পরিচালনা হচ্ছে না। | ১. ই-ফাইলের আওতাভূক্ত দপ্তরসমূহ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট ই-ফাইলিং (নথি) এর মাধ্যমে ডাক আপলোড করে নোট ও খসড়া পত্রের মাধ্যমে নথিতে উপস্থাপন করতে হবে।<br><br>২. পত্রজারীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br><br>৩. এ বিষয়ে কোন সমস্যার সৃষ্টি হলে এটুআই হতে পরিচালিত ফেসবুক গ্রুপ Nothi-তে বিস্তারিত জানাতে হবে। | সংশ্লিষ্ট সকল ই-ফাইল ব্যবহারকারীগণ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার, উপ- পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়। |
| ২. | জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে পোর্টাল হালনাগাদকরণ | সভায় সহকারী প্রোগ্রামার জানান, এটুআই কর্তৃক জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহ নতুন ফ্রেমওয়ার্কে স্থানান্তর করা হয়েছে। তিনি আরো জানান, logo.portal.gov.bd নামীয় পোর্টালে ব্যবহৃত প্রতিটি সেবাবক্সের জন্য প্রযোজ্য ছবি ডাউনলোড করে স্ব স্ব পোর্টালের নির্ধারিত সেবাবক্সে আপলোড করার বিষয়ে এটুআই কর্তৃক নির্দেশনা থাকলেও বেশীরভাগ দপ্তর সেবাবক্সের ছবি পরিবর্তন করেনি। | ১। জেলা ও উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের পোর্টালের দপ্তরের সেবা বক্সের ছবি পরিবর্তন করতে হবে।<br><br>২। সকল পোর্টালের নিয়মিত বদলী/পদায়নকৃত কর্মকর্তা/ কর্মচারীদের মোবাইল নম্বরসহ সংশ্লিষ্ট সকলের প্রোফাইল আপলোড/হালনাগাদ করতে হবে। এছাড়া নোটিশ, খবর, প্রকল্পসমূহের তথ্যসহ অন্যান্য তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী প্রোগ্রামার (সকল), উদ্যোক্তা (সকল), ইউডিসি, সিলেট।<br><br>সকল পোর্টালের দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট, সহকারী কমিশনার (আইসিটি) এবং সহকারী প্রোগ্রামার, সিলেট। |
| ৩. | ইউডিসি সংক্রান্ত | সহকারী কমিশনার (আইসিটি) জানান, ইউডিসি উদ্যোক্তাদের অক্টোবর/২০১৭ আয়ের তথ্য পর্যবেক্ষন করে দেখা যায়, বিবেচ্য মাসের সমন্বিত আয় ৯,২৭,১৫৪/- টাকা এবং মোট সেবা গ্রহিতার সংখ্যা- ৯,৯৮৮/- জন। তিনি আরো জানানা, ডিসেম্বর/২০১৭ মাসে সিলেট জেলাধীন ১৫৩ জন পুরুষ ও নারী উদ্যোক্তাদের 'একসেবা' বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ০১। অনলাইন মনিটরিং টুলে প্রতিটি ইউডিসি কর্তৃক প্রকৃত আয়ের তথ্য আপলোডের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট। |

| ক্রঃ নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪. | মাল্টিমিডিয়া ক্লাসরুম | সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট জানান, সিলেট জেলায় মোট ৪৩২টি মাল্টিমিডিয়া ক্লাসরুমের মধ্যে বেশীরভাগ মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয় আছে। নভেম্বর/১৭ মাসের ড্যাসবোর্ড অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক আপলোডকৃত প্রতিবেদন দাখিলের গড় হার ৭০%। | ১। সিলেট জেলায় মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মাল্টিমিডিয়া ক্লাসরুম পাঠদান সংক্রান্ত প্রতিবেদন আপলোড শতভাগ নিশ্চিত করতে হবে।<br><br>২। উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিবেদনের বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারগণ তদারকি করবেন এবং সহকারী প্রোগ্রামারগণ প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করবেন। | জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি/প্রধান শিক্ষক।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট এবং সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয় (সকল), সিলেট। |

পরিশেষে আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রাহাত আনোয়ার)
জেলা প্রশাসক
সিলেট ও
আহ্বায়ক, জেলা আইসিটি কমিটি
সিলেট।
ফোন- ০৮২১-৭১৬১০০
ই-মেইল- dcsylhet@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০২৪.০৬.০০১.১১. ২১

তারিখ : ২১ পৌষ ১৪২৪ / ০৪ জানুয়ারি ২০১৮

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫. কার্যনির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
৬. পুলিশ সুপার/প্রধান কর্মাধ্যক্ষ, বিটিসিএল/ডেপুটি পোষ্ট মাষ্টার জেনারেল/জেলা শিক্ষা/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
৭. অধ্যক্ষ, এমসি কলেজ/সরকারী মহিলা কলেজ/সিলেট সরকারী কলেজ/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সিলেট।
৮. উপজেলা নির্বাহী অফিসার ................................................... (সকল), সিলেট।
৯. সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, .......................... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
১০. জেলা ...................................................... কর্মকর্তা (সকল), সিলেট।
১১. প্রোগ্রামার ও সেন্টার ইন-চার্জ, বিসিসি, সিলেট আঞ্চলিক কার্যালয়, সিলেট।
১২. প্রধান শিক্ষক, সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট।
১৩. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, .......................... উপজেলা কার্যালয়, সিলেট।

(আবু সাফায়াৎ মুহম্মদ শাহে দুল ইসলাম)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ও
সদস্য সচিব
জেলা আইসিটি বিষয়ক কমিটি, সিলেট।